

💵 শরী'আতের স্বয়ংসম্পূর্ণতা ও বিদ'আতের ভয়াবহতা

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ভূমিকা

আল্লাহ তা'আলা তার দীনকে পরিপূর্ণ করেছেন। ফলে দীনে নতুন করে কোনো কিছু সংযোজন বা বিয়োজনের কোনো প্রয়োজন নেই। কিয়ামত অবধি মানবজাতির সব সমস্যার সমাধান এ দীনে অবশ্যই রয়েছে। এ দীন বা ইসলাম পূর্ণাঙ্গ ও নিখুঁত দীন। এতদসত্বেও দেশ ও সমাজে বিদ'আত ও কু-সংস্কারের ছড়াছড়ি। এ থেকে মুসলিম উম্মাহকে সতর্ক করা ও এর ভয়াবহ পরিণতি থেকে বেঁচে থাকার জন্য তাদের দাওয়াত দেওয়া খুবই গুরুত্বপূর্ণ। শাইখ মুহাম্মদ ইবন সালেহ আল-উসাইমীন রহ,-এর লিখিত 'আল-ইবদা' ফী কামালিশ শার'ঙ্গ ওয়া খাতরুল ইবতি'দা' নামক পুন্তিকাটি এ ক্ষেত্রে অত্যন্ত কার্যকর ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস। পুন্তিকাটিতে দীনের পরিপূর্ণতা ও নিখুঁত হওয়ার বিষয়টি কুরআন ও সুন্নাহের আলোকে খুব সুন্দরভাবে তুলে ধরা হয়েছে এবং বিদ'আতীদের বিভিন্ন আপত্তি ও তাদের বিভিন্ন যুক্তির উত্তর দেওয়া হয়েছে। এ ছাড়াও পুন্তিকাটিতে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের ইত্তেবা বা অনুসরণ-অনুকরণ সাব্যন্ত হওয়ার জন্য যে সব বিষয়গুলো জরুরি তা সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হয়েছে। একজন সুন্নাতের অনুসারী বা রাসূলের উম্মতের জন্য এ বিষয়গুলো জেনে থাকা খুবই জরুরি। বিষয়বস্তুর গুরুত্ব, সময়ের দাবি, সমাজের প্রয়োজন ও বাস্তবতকে সামনে রেখে পুন্তিকাটির বাংলা ভাষায় অনুবাদ করা খুবই গুরুত্বপূর্ণ ও মহৎ কর্ম বলে অনুভব করি। তাই বাংলা ভাষাভাষী মুসলিম ভাইদের জন্য পুন্তিকাটির সরল বাংলা অনুবাদ তুলে ধরা হলো। বাংলায় পুন্তিকাটির নাম দেওয়া হলো, 'শরী'আতের স্বয়ংসম্পূর্ণতা ও বিদ'আতের ভয়াবহতা'।

আশা করি পুস্তিকাটি অধ্যয়ন করে আপনারা উপকৃত হবেন। সুন্নাতের প্রতি আপনাদের আগ্রহ বাড়বে। বিদ'আত বর্জন করবেন, বিদ'আত ও বিদ'আতী থেকে সতর্ক থাকবেন। অবশেষে আল্লাহর নিকট এ মুনাজাত করি, তিনি যেন আমার এ ক্ষুদ্র প্রচেষ্টাকে কবুল করেন এবং পরকালে নাজাতের কারণ ও উপায় হিসেবে তা গ্রহণ করেন। আমীন।

জাকেরুল্লাহ আবুল খায়ের

Source — https://www.hadithbd.com/books/link/?id=10180

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন